uploaded

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
মাঠ প্রশাসন শাখা
www.khulnadiv.gov.bd

# জুলাই, ২০২২ মাসে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: জিল্লুর রহমান চৌধুরী<br>বিভাগীয় কমিশনার, খুলনা |
| সভার তারিখ ও সময় | : | ০৬ জুলাই, ২০২২ খ্রি. দুপুর: ১২.০০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ক-সদয় দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা আলোচ্যসূচি অনুসারে তথ্যাদি সভায় উপস্থাপন করেন এবং ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ:<br>সভায় গত ২৯ জুন ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী পঠিত হয়। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত বিষয়সমূহে কোন সংযোজন/সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। | ২৯ জুন ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০২। | কোভিড-১৯ পরিস্থিতি ও বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম পর্যালোচনা:<br>সভায় কোভিড-১৯ পরিস্থিতি ও বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। সারাদেশে কোভিড-১৯ সংক্রমণের হার ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণসহ জনগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়। কোভিড-১৯ সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যে ০৬ (ছয়)টি নির্দেশনা সম্বলিত পরিপত্র দেওয়া হয়েছে সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। সকল ধরনের সেবা গ্রহণের সময় মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদারের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (১) কোভিড-১৯ সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা অনুযায়ী মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদার করতে হবে।<br>(২) কোভিড-১৯ টিকা প্রদানের জন্য সকলকে বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত করতে হবে।<br>(৩) কোভিড-১৯ সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যে ০৬ (ছয়)টি নির্দেশনা সম্বলিত পরিপত্র দেওয়া হয়েছে তা অব্যাহত রাখতে হবে।<br>(৪) জেলা তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৫) মসজিদের ইমামগণ নামাজের পূর্বে/পরে করোনা ভাইরাস প্রতিরোধে সরকারি নির্দেশনা প্রচারের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩। | দুর্যোগ ব্যবস্থাপনা ও নদী ভাংঙ্গান রোধ:<br>সভায় বন্যাসহ অন্যান্য দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতি গ্রহণ এবং নদী ভাঙ্গান রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতি গ্রহণ এবং নদী ভাঙ্গন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৪। | বাধ্যতামূলক মাস্ক পরিধান:<br>সভায় অতিমারি কোভিড-১৯ এর সংক্রমণ প্রতিরোধে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান নিশ্চিত করার লক্ষ্যে জেলা প্রশাসকগণকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সকল জেলা ও উপজেলাতে সক্রিয়ভাবে কার্যক্রম গ্রহণ করে তা প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে এবং জনগণের সামাজিক ও প্রাতিষ্ঠানিক কার্যক্রমে No Mask No Entry বিষয়টি নিশ্চিত করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) কোভিড-১৯ প্রতিরোধে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান নিশ্চিত করতে সকল জেলা ও উপজেলাতে প্রচার-প্রচারণা চালাতে হবে।<br>(২) কোভিড-১৯ মহামারি প্রতিরোধে জনগণের সামাজিক ও প্রাতিষ্ঠানিক কার্যক্রমে No Mask No Entry বিষয়টি নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৫। | ঈদ-উল-আযহা উদযাপন:<br>সভায় যথাযথযোগ্য মর্যাদায় পবিত্র ঈদ-উল-আযহা উদযাপনের উপর গুরুত্বারোপ করা হয়। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ঈদ-উল-আযহার নামাজ আদায়ের বিষয়ে জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ঈদ-উল-আযহার নামাজ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৬। | কোরবানী পশুর হাট, পশু জবাই, বর্জ্য ও কাঁচা চামড়ার সুষ্ঠু ব্যবস্থাপনা:<br>সভায় ঈদ-উল-আযহাকে সামনে রেখে কোরবানী পশুর হাটে আগত ক্রেতা ও বিক্রেতারগণের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। পশুর হাটে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীরা জাল টাকা লেনদেনের বিষয়ে তৎপর থাকে। এতে করে সাধারণ ক্রেতা বিক্রেতারা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। পশুর হাটে জাল টাকা লেনদেনকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়।<br>এছাড়া বিক্রেতা যেন চামড়ার সঠিক মূল্য পায় এবং এটি যেন পাচার না হয় এ বিষয়ে তদারকি করার জন্য সভায় আলোচনা করা হয়।<br>এছাড়াও পশু জবাই ও বর্জ্য ব্যবস্থাপনার বিষয়েও আলোচনা করা হয়। অনলাইনে পশু ক্রয়-বিক্রয়ে উদ্বুদ্ধকরণ এবং স্থানীয় কেবল টিভির মাধ্যমে প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। | (১) কোরবানীর পশুর হাটে আগত ক্রেতা ও বিক্রেতাগণের নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>(২) যদি পশুর হাটে কোনো অসাধু ব্যক্তির নিকট জাল টাকা পাওয়া যায় তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) বিক্রেতা যেন চামড়ার সঠিক মূল্য পায় এবং এটি যেন পাচার না হয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৪) কোরবানী পশুর হাট, পশু জবাই ও বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, অনলাইনে পশু ক্রয়-বিক্রয়ে উদ্বুদ্ধকরণ এবং স্থানীয় কেবল টিভির মাধ্যমে প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৭ | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা:<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দেওয়াসহ তা বাস্তবায়নের জন্য এ কার্যালয় হতে সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করা হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দিতে হবে এবং তা বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ০৮। | গণশুনানি:<br>সভায় করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর লক্ষ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে গণশুনানি কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক সপ্তাহের একটি পূর্ব নির্ধারিত দিনে স্থানীয় জনগণের অভিযোগ শ্রবণ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) আইনানুগ পদ্ধতি অনুসরণে প্রাপ্ত লিখিত অভিযোগ অনুসন্ধান এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) মাঠ পর্যায়ে গণশুনানি কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৯। | মুজিববর্ষ উদযাপন:<br>মুজিববর্ষ উদযাপন উপলক্ষে কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) মুজিববর্ষ উদযাপন উপলক্ষে কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১০। | প্রচারণামূলক সভা/উঠান বৈঠক আয়োজন:<br>সভায় জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সন্ত্রাস ও জঙ্গিবাদ, মাদকাসক্তি প্রতিরোধ এবং বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত প্রচারণামূলক সভা/উঠান বৈঠক আয়োজনের ওপর গুরুত্বারোপ করা হয়। আয়োজিত সভা/উঠান বৈঠকের বিস্তারিত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রেরণের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | (১) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক সন্ত্রাস ও জঙ্গিবাদ, বাল্যবিবাহ এবং মাদকাসক্তি নিরোধ সংক্রান্ত প্রচারণামূলক সভা/উঠান বৈঠকের তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১১। | দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং বাজার মনিটরিং:<br>নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির পর্যাপ্ত সরবরাহ, মূল্য স্থিতিশীল এবং বিক্রয় নিশ্চিতকরণে বাজার মনিটরিং জোরদার করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে বাজার মনিটরিং করা, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে। কোনো অসাধু ব্যবসায়ীগণ কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে যাতে বাজার অস্থিতিশীল করতে না পারে সেদিকে বিশেষ মনিটরিং করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে অবৈধভাবে ধান/চাল/খাদ্যদ্রব্য ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্য মজুদদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে মনিটরিং, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে।<br>(২) ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে অবৈধভাবে ধান/চাল/নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি মজুদদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১২। | মাসিক রিপোর্ট/প্রতিবেদন প্রেরণ:<br>মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের এবং এ কার্যালয়ের চাহিত বিভিন্ন মাসিক রিপোর্ট/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (১) যথাসময়ে রিপোর্ট/প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩। | আশ্রয়ণ প্রকল্প: আগামী ২১.০৭.২০২২ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক (ভার্চুয়াল) তৃতীয় পর্যায়ের দ্বিতীয় ধাপে আশ্রয়ণ প্রকল্পের নির্মিত গৃহ উদ্বোধন করা হবে। এ বিষয়ে খুলনা বিভাগের সকল জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) তৃতীয় পর্যায়ের দ্বিতীয় ধাপে আশ্রয়ণ প্রকল্পের নির্মিত গৃহ উদ্বোধনে সংশ্লিষ্ট সকলকে সংযুক্ত থাকতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

অত:পর সভা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/০৭/২০২২

মো: জিল্লুর রহমান চৌধুরী
বিভাগীয় কমিশনার
খুলনা
ফোন: ০২৪-৭৭৭০৩০৩৫(অফিস)
divcomkhulna@mopa.gov.bd

নং-০৫.৪৪.০০০০.০০৬.৫২.০০৩.২২- ৬৬৫ (২৩)    তারিখ : ১৭ /০৭/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

০৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন), খুলনা।

০৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

০৭। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর।

০৮। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এপিএ সেল শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

১০। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা। (তাঁকে সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১১। প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

১২। অফিস কপি।

১৪/০৭/২২

(মাহেরা নাজনীন)
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
খুলনা
ফোন: ০২-৪৭৭৭০১০৪৩ (অফিস)

## ০৬ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়)

| ক্র.নং | সদস্যদের পদবি | উপস্থিত | প্রতিনিধি হলে উপস্থিত প্রতিনিধির নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা | | | |
| ০২ | জেলা প্রশাসক, খুলনা | | | |
| ০৩ | জেলা প্রশাসক, বাগেরহাট | | | |
| ০৪ | জেলা প্রশাসক, সাতক্ষীরা | | | |
| ০৫ | জেলা প্রশাসক, যশোর | | | |
| ০৬ | জেলা প্রশাসক, ঝিনাইদহ | | | |
| ০৭ | জেলা প্রশাসক, মাগুরা | | | |
| ০৮ | জেলা প্রশাসক, নড়াইল | | | |
| ০৯ | জেলা প্রশাসক, কুষ্টিয়া | | | |
| ১০ | জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা | | | |
| ১১ | জেলা প্রশাসক, মেহেরপুর | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |